দৈনিক বাংলা

তারিখ 05 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ২

৩৭

## পটুয়াখালীতে জরিপ

# ৩৪ হাজার শিশু প্রাথমিক বিদ্যালয়ে যায় না

নিজস্ব সংবাদদাতা : পটুয়াখালী, ৪ সেপ্টেম্বর।- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী চালু করার দু'বছর পরেও পটুয়াখালী জেলায় বিদ্যালয় গমনোপযোগী ৩৪ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

সম্প্রতি প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক কর্মসূচীর আওতাভুক্ত এলাকায় সংশ্লিষ্ট বিভাগের উদ্যোগে এক জরিপ চালানো হয়। জরিপে দেখা গেছে, জেলায় প্রাথমিক বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা প্রায় দু'লাখ। এরমধ্যে বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ৬১ হাজার ১শ' ৮৯ জন এবং বিদ্যালয় বহির্ভূত শিশু রয়েছে ৩৪ হাজার ৩শ' ২১ জন। জরিপ অনুযায়ী পটুয়াখালী সদর থানায় ১ হাজার ৪শ' ৫ জন, বাউফল থানায় ৮ হাজার ৬শ' ৬৫ জন, গলাচিপা থানায় ১২ হাজার ৪শ' ৫৩ জন, কলাপাড়া থানায় ৪ হাজার ৮শ' ৮ জন, দশমিনা থানায় ৪ হাজার ৪শ' ৬৫ জন এবং মির্জাপুর থানায় ১ হাজার ৫শ' ২৫ জন শিশু শিক্ষাবঞ্চিত রয়েছে। তবে বাস্তবে এ সমস্ত এলাকায় শিক্ষা বঞ্চিত শিশুর সংখ্যা আরো বেশী বলে ধারণা করা হচ্ছে।

জরিপে আরো জানা গেছে, জেলায় ৫শ' ৭৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২ হাজার ৬শ' ৩২ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। এছাড়া, জেলায় ৩ শতাধিক রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ৯শ' ১ জন শিক্ষক ও শিক্ষিকা রয়েছেন। এরা জেলার সর্বত্র প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নকরছেন।

'সবার জন্য শিক্ষা' কার্যক্রমের আওতায় সরকারীভাবে পর্যায়ক্রমে সমগ্র বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। ১৯৯২ সনের ১ জানুয়ারী শিক্ষাবর্ষ থেকে এ কর্মসূচী চালু করা হয়। আগামী দু'হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা নিশ্চিত করাই কর্মসূচীর মূল উদ্দেশ্য।

উদ্দেশ্য, বাধ্যতামূলক শিক্ষাবর্ষের শুরুতে পাইকারীহারে শিশু বিদ্যালয়ে ভর্তি হলেও তাদের অনেককে ধরে রাখা সম্ভব হচ্ছে না। বহু শিশু অভাবের তাড়নায় পেটের খোরাক জোটাতে বিদ্যালয় ত্যাগ করতে বাধ্য হচ্ছে।